

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০০৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম, তা রাসূল সান্নাহাত্ত আলাইহি ওয়া সান্নাম আমল করতেন মর্মে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبْرٍ ثَانٍ يُصَرِّحُ بِاسْتِعْمَالِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا وَصَفَنَا

আরবী

2003 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنُ زُهَيرٍ بِتُسْتَرٍ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنِ يَحْيَى بْنِ أَبِي بُكَيْرٍ الْكَرْمَانِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي بُكَيْرٍ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: أَخْبَرَنَا دَاوِدُ بْنُ هِنْدَ وَغَيْرُهُ عَنِ الشَّعْبِيِّ قَالَ: أَخْبَرَنِي وَرَادٌ: أَنَّ مُعَاوِيَةَ كَتَبَ إِلَى الْمُغِيرَةِ: أَنِ اكْتُبْ إِلَيَّ بِشَيْءٍ سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَتَبَ إِلَيْهِ: إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ حِينَ يَفْرُغُ مِنْ صَلَاتِهِ: (لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أُعْطِيْتُ وَلَا مَعْطِيْ لِمَا مَنَعْتَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ)

الراوي : وَرَادُ الْمَحْدُثُ : الْعَالَمَةُ نَاصِرُ الدِّينُ الْأَلْبَانِيُّ | المصدر : التَّعْلِيقَاتُ الْحَسَانِيَّةُ

على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2003 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(1349) ((الصحيحة)) (196 / الطبعة الجديدة).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَالَ لَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنُ زُهَيرٍ: دَاؤْدُ بْنُ أَبِي هِنْدَ وَمُجَالِدٌ عَنِ الشَّعْبِيِّ وَأَنَا قُلْتُ: وَغَيْرُهُ لَأَنَّ مُجَالِدًا تَبَرَّأَنَا مِنْ عُهْدِتِهِ فِي كِتَابِ (الْمَجْرُوحِينَ)

বাংলা

২০০৩. ওয়ার্দ রহিমাহল্লাহ বলেন, “মু’আবিয়া রাদিয়াল্লাহু আনহু মুগীরা বিন শু’বাহ রাদিয়াল্লাহু আনহুর কাছে চিঠি লিখেন, “আপনি আমার কাছে লিখে পাঠান এমন হাদীস, যা আপনি রাসূল সান্নাহাত্ত আলাইহি ওয়া সান্নাম থেকে শ্রবণ করেছেন।” জবাবে তিনি লিখে পাঠান, “আমি রাসূল সান্নাহাত্ত আলাইহি ওয়া সান্নামকে বলতে

শুনেছি, তিনি সালাত শেষ করে বলতেন, **لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ**, (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মাঝুদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যই সকল রাজত্ব, তাঁর জন্যই সমস্ত প্রশংসা, তিনি সর্ববিষয়ে ক্ষমতাবান)। হে আল্লাহ, যা প্রদান করেন, তার বাধাদানকারী কেউ নেই, আর আপনি যা যা নিষেধ করেন, তা প্রদানকারী কেউ নেই এবং কোন সম্পদশালীর সম্পদ আপনার (শাস্তির) বিষয়ে কোন উপকার করতে পারবে না।)[1]

আবু হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন, “আমাদেরকে আহমাদ বিন ইয়াহইয়া বিন যুহাইর বলেছেন, “দাউদ বিন আবু হিনদ ও মুজালিদ ইমাম শাস্তি থেকে হাদীস বর্ণনা করেছেন। আর আমি বলি “এবং অন্যান্যরাও তাঁর থেকে হাদীসটি বর্ণনা করেছেন। কেননা আমরা ‘মাজরাহীন’ কিতাবে মুজালিদ থেকে সম্পূর্ণরূপে দায়মুক্তি ঘোষনা করেছি।”

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২০/৮৯৮; মুসনাদ আহমাদ: ৪/২৫০; সহীহ আল বুখারী: ৬৪৭৩; নাসাই: ৩/৭১; সহীহ ইবনু খুয়াইমাহ: ৭৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩৪৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: ওয়াররাদ (রহ:)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91320>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন